

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ সালাত

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(২৫৮) নামায শেষ হওয়ার সাথে সাথেই কি ইমাম উঠে চলে যেতে পারেন? নাকি কিছুটা অপেক্ষা করবেন?

ইমামের জন্য উত্তম হচ্ছে সালাম ফেরানোর পর সামান্য কিছু সময় ক্বিবলামুখী হয়ে বসে থাকবেন। উক্ত সময়ের মধ্যে তিনবার

أَسْتَغْفِرُ اللَّهَ

'আস্তাগফিরুল্লাহ্' ও একবার

اللَّهُمَّ أَنْتَ السَّلامُ وَمِنْكَ السَّلامُ تَبَارَكْتَ ياَ ذَا الْجَلالِ وَالإِكْرَامِ

'আল্লাহুম্মা আন্তাস্সালাম ওয়া মিনকাস্সালাম তাবারাকতা ইয়া যাল জালালি ওয়াল ইকরাম' পাঠ করবেন। তারপর মুক্তাদীদের দিকে ফিরে বসবেন।

ইমাম উঠে চলে যেতে চাইলে যদি মুক্তাদীদের ঘাড় ডিঙ্গিয়ে যেতে হয় তবে তার জন্য উত্তম হচ্ছে কিছুক্ষণ বসে থেকে অপেক্ষা করবে। ভীড় কম থাকলে ফিরে যেতে কোন বাধা নেই।

মুক্তাদীর জন্যে উত্তম হচ্ছে ইমামের আগে ফিরে না যাওয়া। কেননা নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, "আমার আগেই তোমরা ফিরে যেও না।" কিন্তু ইমাম যদি কিবলামুখী হয়ে সুন্নাতী সময়ের চাইতে দীর্ঘক্ষণ বসে থাকে। তবে মুক্তাদীদের ফিরে যেতে কোন বাধা নেই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=788

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন